

# সূত্র

প্রিন্ট: ০২ সেপ্টেম্বর ২০২৫, ১০:০০ এএম

শিক্ষাঙ্গন

## জাকসু নির্বাচন: শিক্ষার্থীবান্ধব ক্যাম্পাস গড়তে চান জিএস প্রার্থী অনন্যা



জাবি প্রতিনিধি

প্রকাশ: ০১ সেপ্টেম্বর ২০২৫, ১০:৩৯ পিএম



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচনে ভাইস-প্রেসিডেন্ট (ভিপি) পদে কোনো নারী প্রার্থী না থাকলেও জেনারেল সেক্রেটারি (জিএস) পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন দুজন নারী শিক্ষার্থী। দুজনের মধ্যে একজন আইন ও বিচার বিভাগের ৪৯ ব্যাচের শিক্ষার্থী ও জাকসু নির্বাচনে স্বতন্ত্র জিএস প্রার্থী সৈয়দা অনন্যা ফারিয়া। শিক্ষার্থীদের স্বার্থে একটি উদারনৈতিক ও শিক্ষার্থীবান্ধব ক্যাম্পাস গড়ে তোলার অঙ্গীকার করেছেন তিনি।

ফারিয়া যুগান্তরকে বলেন, জাহাঙ্গীরনগরের শিক্ষার্থীদের যে সব সংকট, তার মূল উৎস হলো কিছু সিভিকিট এবং পেছনে থাকা শিক্ষাদস্যু। জাকসু যদি সফল না হয়, তাহলে বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যতের জন্য এটি হবে এক অশনি সংকেত।

ক্যাম্পাসে সৈয়দা অনন্যা ফারিয়া পরিচিত মুখ। ক্যাম্পাসে আসার পর শিক্ষার্থীদের কল্যাণে নানা উদ্যোগ নিয়েছেন তিনি। প্রকৃতি ও পরিবেশের জন্য করেছেন অসংখ্য কাজ।

তিনি বলেন, অ্যাডমিশনের সময় ক্যাম্পাসের প্রথম ব্রেস্টফিডিং কর্নার আমার করা। শিক্ষার্থীদের নিরাপত্তায় হল ও বিভিন্ন ভবন থেকে সাপ অপসারণ ও সচেতনতায় কাজ করেছি। অ্যাডমিশনের সময় ও পরে শ্রুতিলেখক ও স্বেচ্ছাসেবী হিসাবে ক্যাম্পাসের দৃষ্টিপ্রতিবন্ধী ভাইবোনদের সহায়তা করেছি।

ফারিয়া বলেন, টানা তিন বছর শিক্ষার্থীদের নিরাপত্তায় জলাতঙ্ক ভ্যাক্সিনেশন কার্যক্রম চালিয়েছি।

জানা গেছে, ৫ আগস্টে ক্যাম্পাস থেকে ঢাকামুখী মিছিলে পিকআপ ভরা খাবার, পানির স্পন্সর করেছিলেন জাকসুর এই জিএস প্রার্থী।

ফারিয়া যুগান্তরকে জানিয়েছেন, একজন শিক্ষার্থী প্রতিনিধির মূল দায়িত্ব হলো সিনেটে শিক্ষার্থীদের চাওয়া-পাওয়ার প্রতিফলন নিশ্চিত করা। এক বছরের মধ্যে তিনি কিছু সুনির্দিষ্ট উদ্যোগ বাস্তবায়ন করতে চান। সেগুলোর মধ্যে রয়েছে হল ক্যান্টিন, ক্যাফেটেরিয়া ও

ওয়াশরুমের মান নিশ্চিত করতে স্টাফ মনিটরিং সেল চালু, মেডিকেল সেন্টারে র‍্যাবিস, টিটেনাস ও এন্টিভেনম সরবরাহ ও অ্যান্টিবায়োটিক ড্রাইভার সংখ্যা বৃদ্ধি এবং ব্রেস্টফিডিং কর্নার চালু করতে চান তিনি।

এছাড়া উচ্চ শব্দের যন্ত্রণা কমাতে হাবাসীদের জন্য ন্যাচারাল সাউন্ড ব্যারিয়ার তৈরি এবং বিশেষত নারীদের হলের নিরাপত্তা বৃদ্ধিতে কাজ করবেন বলে জানান তিনি।